

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
নব-নিয়োগ শাখা  
প্রজ্ঞাপন

মোহাম্মদ  
২২/২  
২২/২  
সং: উপা: ২

নম্বর : সম/ননি-০৭/২০০৫- ১৮৫

তারিখ : ২৬ শ্রাবন ১৪১২  
১০ আগষ্ট ২০০৫

২৪তম বিসিএস পরীক্ষা ২০০২ এর ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২৪-০২-২০০৫ তারিখের বাসককস/বিসিএস-২৪(২০০২)/ফলাফল(গোপনীয়)/৩/২০০৫/৭ নম্বর পত্রের সুপারিশক্রমে এই প্রজ্ঞাপনের ৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত ১২(বার) জন প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুসারে টাকা ৬৮০০-৩২৫-৭-৯০৭৫-ইবি-৩৬৫-১১-১৩০৯০/- বেতনক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হইল :

- (ক) তাঁহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নিধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অন্যান্য ০৪ মাসের বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজনবোধে সরকার এই প্রশিক্ষণের সময়কালে বাড়াহতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজনবোধে সরকার বুনিয়াদী প্রশিক্ষণের পূর্বে তাঁহাকে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;
- (খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁহাকে তাঁহার চাকুরী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেইরূপ স্থির করিবে সেইরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;
- (গ) তাঁহাকে ০২ বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরীতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকুরী হইতে অপসারণ করা যাইবে;
- (ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হইলে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করা হইবে;
- (ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁহাকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসীকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁহাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁহার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকিবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হইতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এই বন্ড দাখিল করিয়া তাঁহাকে প্রশিক্ষণে যাইতে হইবে;
- (চ) তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁহার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক তাঁহার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;
- (ছ) ২৪তম বিসিএস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারী বিধি-বিধান মোতাবেক তাঁহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে;
- (জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;
- (ঝ) চাকুরীতে যোগদানকালে তাঁহাকে যোগদানপত্রের সহিত ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি বন্ড দাখিল করিতে হইবে যে, তিনি নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য কোন মৌতুক নিবেন না এবং যোন মৌতুক দিবেন না;
- (ঞ) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাঁহার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রসঙ্গ হইবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাঁহার চাকুরী নিয়ন্ত্রিত হইবে;
- (ট) এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না।

২। পূর্ব অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে আগামী ২৫ আগষ্ট ২০০৫ খ্রিস্টাব্দ/১০ ভাদ্র ১৪১২ বঙ্গাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদানের জন্য তাঁহাকে অনুরোধ করা হইল। আর ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ হইতে পরবর্তী কোন নির্দেশ না পাইলে ২৫-৮-২০০৫ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে যোগদান করিবার জন্য তাঁহাকে অনুরোধ করা হইল। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরীতে যোগদান না করিলে তিনি চাকুরীতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া লওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। (ক) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)  
পদের নাম : সহকারী কমিশনার  
নিয়োগপ্রাপ্ত : ০২ জন

মেধা ক্রমিক নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর নাম
৩৪	০১০৯৬৫	মোহাম্মদ সাইফুল ইসলাম
১৯৯	০০৯০৩৮	মাহবুবা বিলকিস

(খ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ)  
পদের নাম : সহকারী পুলিশ সুপার  
নিয়োগপ্রাপ্ত : ০১ জন

মেধা ক্রমিক নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর নাম
৩৪	০৮৬২৫৬	মোঃ হাসান নাহিদ চৌধুরী

(গ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সড়ক ও জনপথ)  
পদের নাম : সহকারী প্রকৌশলী (সিভিল)  
নিয়োগপ্রাপ্ত : ০১ জন

মেধা ক্রমিক নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর নাম
২৯	৬৫৮০৮	নিশাত নোমান

(অপর পৃষ্ঠা/২)

(ঘ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য)  
পদের নাম : অনুষ্ঠান সংগঠক  
নিয়োগপ্রাপ্ত : ০১ জন

মেধা ক্রমিক নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর নাম
৩৪	০৬৭০৭৮	এ.এস.এম. মামুন

(ঙ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)  
পদের নাম : প্রভাষক : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি  
নিয়োগপ্রাপ্ত : ০১ জন


মেধা ক্রমিক নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর নাম
১০৮	০৩৭২০০	মোঃ হুমায়ুন কবির

(চ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য)  
পদের নাম : সহকারী সার্জন  
নিয়োগপ্রাপ্ত : ০৬ জন

মেধা ক্রমিক নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থীর নাম
৪৫৭	৬০১৯২	প্রভাত কুমার সরকার
৪৯১	৭২৮১৩	এস.এম. বদরুদ্দোজা
৬৮৭	২৯৮৭৮	মোহাম্মদ ইমরান
৮১৫	০৩৩০০৪	সুজিত কুমার সাহা
১২৩৮	০৪৪৬৯৩	ডি,এম, কায়কোবাদ
১৩৬১	১১৯৯২৯	আয়শা হক

৪। জনস্বার্থে এই নিয়োগ আদেশ জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(দিলজুয়ারা খানম)  
উপ-সচিব

নম্বর : সম/ননি-০৭/২০০৫-১৮৫/১(৬০)


তারিখ : ২৬ জানুয়ারি ২০০৫  
১০ আগস্ট ২০০৫

অনুপস্থিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- ৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
- ৪। সচিব, সংস্থাপন/ সচিব, স্বরাষ্ট্র/ সচিব, যোগাযোগ/ সচিব, তথ্য/ সচিব, শিক্ষা/ সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। নিয়োগকৃত প্রার্থী/প্রার্থীগণের সংশ্লিষ্ট কাগজপত্রসহ ২৪তম বিসিএস পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার মূল প্রতিবেদন ও মূল পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হইল। প্রার্থী/প্রার্থীগণ যাহাতে আগামী ২৫-৮-২০০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্দেশিত/পদায়িত কার্যালয়ে যোগদান করিতে পারেন, সেই লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারীর ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৫। রেজিষ্টার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাতার, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়।
- ৭। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা। (সূত্র : কমিশনের পত্র নম্বর-বাসককস/বিসিএস-২৪(২০০২)/ফলাফল(গোপনীয়)/৩/২০০৫/৭, তারিখ : ২৪-২-২০০৫ খ্রি : )।
- ৮। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১০। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। যুগ্ম-সচিব (সকল), সংস্থাপন মন্ত্রণালয়।
- ১২। উপ-সচিব(মাঠ প্রশাসন)/(অপ্র/ননি)/(সিপিটি)/(সিআর), সংস্থাপন মন্ত্রণালয়।
- ১৩। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয়।
- ১৪। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। তাঁহাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২০(বিশ) বর্ষ নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১৫। সিনিয়র সহকারী সচিব(অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২)/(মাঠ প্রশাসন-১), সংস্থাপন মন্ত্রণালয়।
- ১৬। সিনিয়র সহকারী সচিব(শাখা-৮), শিক্ষা মন্ত্রণালয়।
- ১৭। সিনিয়র সহকারী সচিব(পার-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

জনাব/বেগম

মোহাম্মদ সাইমুন ইসলাম

  
(সোহেল আহমেদ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৭১৭২৩৪৩

৩১ জানুয়ারি ২০০৫  
সচিব, সংস্থাপন মন্ত্রণালয়  
বাংলাদেশ সরকার, ঢাকা